মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

তারিখ : ২৭-০৮-২০২৩ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৭২৪

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৬-০৮-২০২৩ তারিখের আবেদন (আইডি- (২২০৩৪)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলাধীন "তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়" এর প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার এর বিরুদ্ধে জনাব মোঃ সিদ্দিকুর রহমান একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭-০৮-২০২৩
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
02477762705

জেলা শিক্ষা অফিসার
কুষ্টিয়া

তারিখ : ২৭-০৮-২০২৩ খ্রি.

স্মারক সংখ্যা-বিঅ-৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১৪৭২৪(৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।
৩। সভাপতি, তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, মিরপুর, কুষ্টিয়া।
৪। প্রধান শিক্ষক, তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, মিরপুর, কুষ্টিয়া।
৫। জনাব মোঃ সিদ্দিকুর রহমান, অভিযোগকারী।
৬। অফিস নথি।

২৭-০৮-২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
02477762705

বরাবর,

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

বিষয় ঃ আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সদস্যদের সাথে প্রতারণা করতঃ কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসাবে দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার এর কর্মরত থাকার অভিযোগ প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়, মিরপুর,কুষ্টিয়ায় প্রধান শিক্ষক পদে যোগদান করার পর থেকে নানা অনিয়ম ও দুর্নীতিতে জড়িয়ে পড়ে বিদ্যালয়ের সুনাম ধুলোই লুন্ঠিত করছে। বিদ্যালয়ের ভূয়া ভাউচার তৈরী করে লাখ লাখ টাকা আত্মসাৎ করছেন। বিদ্যালয়ের তহবিল থেকে বেতন হিসেবে অবৈধ ভাবে টাকাও গ্রহণ করছেন।

উল্লেখ্য যে, দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে যোগদান করেন ২৬/১০/২০২১ তারিখে। কিন্তু পুর্বের প্রতিষ্ঠান ঝিনাইদহের শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক থাকাকালীন নানা দুর্নীতিতে জড়িয়ে পড়ে ৭,৭৪,০০৮/- টাকা আত্মসাৎ করেন। সেই পরিপ্রেক্ষিতে বিদ্যালয় ম্যানেজিং কমিটি চুড়ান্ত বরখাস্তের জন্য যশোর শিক্ষা বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির নিকট আবেদন করেন। আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির ৭৮তম সভায় উপস্থিত হয়ে সকল সদস্যদের সম্মুখে দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার নিজ মুখে স্বীকার করেন যে, ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলাধীন শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয় হতে ২৫/১০/২০২১ তারিখ হতে তিনি স্বেচ্ছায় চাকুরী থেকে অব্যহতি নিয়েছেন। বিধায় বিষয়টি নিয়ে উক্ত সভায় আলোচনা না করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় মর্মে বোর্ড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন। অথচ দিলারা ইয়াসমিন জোয়ার্দ্দার তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ে যোগদান করেন ২৬/১০/২০২১ তারিখে আর আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সভা হয় ১৯/১২/২০২১ তারিখে । আপিল এন্ড আর্বিট্রেশন কমিটির সভা ও শৈলকুপা পাইলট উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাড়পত্র নেওয়ার পুর্বেই তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ে প্রতারনার আশ্রয় নিয়ে যোগদান করেন। কেননা আপিল এন্ড আর্বিট্রেশন কমিটিতে চূড়ান্ত বরখাস্ত অনুমোদন হবে মর্মে আচ করতে পেরে প্রতারনার আশ্রয় নিয়ে গোপনে তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদান করেন। তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি / নিয়োগ বোর্ডও তার পুর্বের বিদ্যালয়ের ছাড়পত্র না দেখেই যোগদানপত্র গ্রহন করেন।

আরও উল্লেখ্য যে, এই সমস্ত ঘটনার পরে শৈলকুপা উপজেলা নির্বাহী অফিসার জনাব উসমান গনি মহোদয়ের স্বাক্ষর জালিয়াতির বিষয়টি ধরা পড়ে (স্বাক্ষর যাচাই প্রতিবেদন ও জেলা প্রশাসকের প্রতিবেদনের ছায়ালিপি সংযুক্ত)। তদন্ত প্রতিবেদনটি জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করেছেন। কিন্তু স্বাক্ষর জালের বিষয়টি অদ্যবধি কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি।

বিধায় সার্বিক অবস্থা বিবেচনা করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে মর্জি হয়।

তারিখ ঃ ০৫/০৮/২০২৩ খ্রিঃ।

আপনার আস্থাভাজন
মোঃ সিদ্দিকুর রহমান
অভিভাবক সদস্য, ম্যানেজিং কমিটি
তালবাড়ীয়া উচ্চ বিদ্যালয়
মিরপুর, কুষ্টিয়া।
মোবাঃ ০১৭১২১২৪১৯৪

অনুলিপি ঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৪। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
(শিক্ষা শাখা)
www.jhenaidah.gov.bd

তারিখ: পৌষ ১৪২৯ বঃ / ডিসেম্বর ২০২২ খ্রিঃ।

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০২০.০১.০০৪.২২-

বিষয় : জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দার সাবেক প্রধান শিক্ষক, শৈলকুপা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয় কর্তৃক সাবেক উপজেলা
ও বিদ্যালয়ের অর্থ তছরুপের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।
নির্বাহী অফিসার জনাব মোঃ ওসমান গনি এর স্বাক্ষর জালিয়াতি তারিখ : ২৬-০৪-২০২২

সূত্র : ০১। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শৈলকুপার স্মারক নং ০৫.৪৪.৪৪৮০.০০০.১২.০১৫.২১-৪৪১ (যুক্ত),
০২। দুর্নীতি দমন কমিশনের স্মারক নং ০০.০১.০০০০.৫০৩.২৬.১৩১.২২ (১ম অংশ)-১৯২৭৯, তারিখ : ২৫-০৫-২০২২ খ্রিঃ।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গোপালগঞ্জ এর গোপনীয় শাখার ৩০ জানুয়ারি ২০২২ তারিখের ০৫.৩০.৩৫০০.০০০.০০৩.
২০.২১-২২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শৈলকুপা পাইলট মাধ্যমিক বালিকা
বিদ্যালয়ের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ ফজলুর রহমান উক্ত বিদ্যালয়ের সাবেক প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দার
(বর্তমানে : তালবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, মিরপুর, কুষ্টিয়া) এর বিরুদ্ধে সাবেক শৈলকুপা উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ উসমান গনি
(বর্তমানে : সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ) এর স্বাক্ষর জালিয়াতিসহ (গত ০৯-০৬-২০১৮ খ্রিঃ তারিখে
অনুষ্ঠিত ১৯৯/১৮ নং সভার রেজুলেশনে) বিভিন্ন অনিয়মের অভিযোগ দুর্নীতি দমন কমিশন, ঢাকা বরাবর দাখিল করেন (সংযুক্তি-০১)। একই
বিষয়ে জনাব শামীম বিন সাত্তার, সম্পাদক, সাপ্তাহিক ডাকুয়া শৈলকুপা, শৈলকুপা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের তৎকালিন প্রধান শিক্ষক
জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দার এর বিরুদ্ধে জনাব মোঃ উসমান গনি, সাবেক শৈলকুপা উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর জালিয়াতির
বিষয়ে অভিযোগ করেন (সংযুক্তি-২)। দুর্নীতি দমন কমিশন, ঢাকা হতে অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভিযোগপত্রটি এ
কার্যালয়ে প্রেরণে করা হয়।

০২। জনাব শামীম বিন সাত্তার, সম্পাদক, সাপ্তাহিক ডাকুয়া কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপার
নিকট তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন চাওয়া হয়। উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিগত ০৯-০৬ ২০১৮ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ১৯৯/১৮
নং সভার রেজুলেশনে স্বাক্ষরের সত্যতা যাচাইয়ের জন্য সভার কার্যবিবরণীর অনুলিপি প্রেরণ করা হয়। জনাব মোঃ উসমান গনি, সাবেক
উপজেলা নির্বাহী অফিসার (বর্তমানে : সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ) কর্তৃক প্রেরিত পত্রে নিশ্চিত
করেছেন যে, বিগত ০৯-০৬-২০১৮ খ্রিঃ তারিখ উক্ত বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির ১৯৯/১৮ নং সভার রেজুলেশনে প্রদত্ত স্বাক্ষরটি তাঁর নয়
এবং উক্ত তারিখে তাঁর সভাপতিত্বে উক্ত বিদ্যালয়ের কোন সভা অনুষ্ঠিত হয়নি (সংযুক্তি-৩)।

০৩। শৈলকুপা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের তৎকালিন প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দার স্বাক্ষর জাল-জালিয়াতির
মাধ্যমে তিনি প্রতিষ্ঠানের তহবিল হতে অতিরিক্ত অর্থ উত্তোলন করেছেন যা পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের ২০-১০-২০১৯
তারিখের তদন্তে উল্লেখ করা হয়েছে (সংযুক্তি-৪)। প্রধান শিক্ষক জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দার পারিবারিক অসুবিধার কারণে উক্ত বিদ্যালয়
হতে চাকরি হতে অব্যাহতির জন্য আবেদন করেন। তাঁর আবেদনের প্রেক্ষিতে গত ২৮-১০-২০২১ তারিখে ২০/২০২১ নং রেজুলেশনের মাধ্যমে
অব্যাহতিপত্র গৃহিত হয়েছে মর্মে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) তার প্রেরিত পত্রে উল্লেখ করেছেন (সংযুক্তি-৫)। বর্তমানে জনাব দিলারা ইয়াসমিন
জোয়ার্দার তালবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত আছেন।

৪। এমতাবস্থায়, বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্ত : পাতা।

স্বাঃ
মনিরা বেগম
জেলা প্রশাসক
ঝিনাইদহ।
☎ ০২৪৭৭-৪৬৮৮৮
E-mail: dcjhenaidah@mopa.gov.bd

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০২০.০১.০০৪.২২-৩৭৫ (যুক্ত)/১(৩)

তারিখ: ১৪ পৌষ ১৪২৯ বঃ / ২৯ ডিসেম্বর ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
০৩। প্রধান শিক্ষক, শৈলকুপা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, শৈলকুপা, ঝিনাইদহ।

২৯/১২/২০২২
মনিরা বেগম
জেলা প্রশাসক
ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
(গোপনীয় শাখা)
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
www.gopalganj.gov.bd

তারিখ : ১৬ মাঘ ১৪২৮
৩০ জানুয়ারি ২০২২

স্মারক নং- ০৫.৩০.৩৫০০.০০০.০০৩.২০.২১- ২২

বিষয় : জনাব শামীম বিন সাত্তার, সম্পাদক, সাপ্তাহিক ডাকুয়া (পত্রিকা) কর্তৃক দাখিলকৃত অভিযোগের বিষয়ে স্বাক্ষরের সত্যতা যাচাই প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ এর স্মারক নং-০৫.৪৪.৪৪০০.০২০.০৩.০০২.১৯-১৫(যুক্ত), তারিখ: ১৮/০১/২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনাব শামীম বিন সাত্তার, সম্পাদক, সাপ্তাহিক ডাকুয়া (পত্রিকা) কর্তৃক দাখিলকৃত শৈলকুপা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের বরখাস্তকৃত প্রধান শিক্ষিকা জনাব দিলারা ইয়াসমিন জোয়ার্দারের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারী উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ কর্মরত থাকাকালীন উক্ত বিদ্যালয়ের ০৯/০৬/২০১৮ তারিখের ১৯৯/১৮ নং সভার রেজুলেশনে সভাপতির স্বাক্ষর জালিয়াতির অভিযোগের বিষয়ে জানানো যাচ্ছে যে, ১৯৯/১৮ নং সভার রেজুলেশনে প্রদত্ত স্বাক্ষরটি নিম্নস্বাক্ষরকারীর নয়। উল্লেখ্য, উক্ত ০৯/০৬/২০১৮ তারিখে নিম্নস্বাক্ষরকারীর সভাপতিত্বে কোনো সভাও অনুষ্ঠিত হয়নি।

এমতাবস্থায়, বর্ণিত তথ্য মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৩০/০১/২০২২

(মোঃ উসমান গনি)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
গোপালগঞ্জ
ফোন : ০২-৬৬৮৫৩৭৩।

জেলা প্রশাসক
ঝিনাইদহ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

realme